# 2017

# PHILOSOPHY — HONOURS

## Fifth Paper

## Full Marks – 100

*Candidates are required to give their answers in their own words as far as practicable*

*প্রান্তলিখিত সংখ্যাগুলি পূর্ণমান নির্দেশক*

**১ নং** প্রশ্ন আবশ্যিক এবং প্রতিটি **ইউনিট** থেকে অন্তত ***একটি*** করে প্রশ্ন নিয়ে আরও ***পাঁচটি*** প্রশ্নের উত্তর দাও

১। সংক্ষেপে উত্তর দাও (যে-কোনো *চারটি*)ঃ ৫×৪

(ক) তর্কসংগ্রহে প্রদত্ত বুদ্ধির লক্ষণ ব্যাখ্যা কর।

(খ) দূরস্থ শব্দের প্রত্যক্ষ কীরূপে সম্ভব ? অন্নমভট্ট অনুসরণে ব্যাখ্যা কর।

(গ) বাধিত হেত্বাভাসের লক্ষণ দাও। উদাহরণসহ ব্যাখ্যা কর।

(ঘ) তর্কসংগ্রহে প্রদত্ত 'কার্যের' লক্ষণটির ব্যাখ্যা দাও।

(ঙ) নিম্নলিখিত ক্ষেত্রগুলিতে সন্নিকর্ষ কী হবে তা নির্ণয় কর ও ব্যাখ্যা করঃ

(অ) মোটরগাড়ির হর্ণের শব্দ শ্রবণ

(আ) উষ্ণ জলের উষ্ণতার স্পার্শন প্রত্যক্ষ।

(চ) উদাহরণ সহকারে কেবলব্যতিরেকী লিঙ্গ ও কেবলান্বয়ী লিঙ্গের পার্থক্য নিরূপণ কর।

(ছ) স্মৃতির লক্ষণে 'জ্ঞানম্' পদ কেন ব্যবহৃত হয়েছে ?

(জ) লক্ষণা কাকে বলে ? উদাহরণসহ জহৎ লক্ষণা ব্যাখ্যা কর।

### ইউনিট - ১

২। (ক) অন্নম্‌ভট্ট প্রদত্ত অযথার্থ অনুভবের লক্ষণটি ব্যাখ্যা কর। ৪

(খ) এই লক্ষণটির বিরুদ্ধে দীপিকাতে কী আপত্তি উত্থাপন করা হয়েছে ? ৪

(গ) অন্নম্‌ভট্ট কীভাবে ঐ আপত্তির সমাধান করেছেন ? ৪

(ঘ) সংশয়কে কেন অযথার্থ অনুভবরূপে স্বীকার করা হয় ? ৪

৩। (ক) তর্কসংগ্রহ অনুসারে কারণের লক্ষণ ব্যাখ্যা কর। ৫

(খ) কারণের লক্ষণে অন্নম্‌ভট্ট দীপিকায় কোন্ শব্দের অবতারণা করেছেন ? ৬

(গ) উদাহরণসহ অসমবায়ী কারণ ব্যাখ্যা কর। ৫

### ইউনিট - ২

৪। (ক) নির্বিকল্পক প্রত্যক্ষের অস্তিত্ব প্রমাণের জন্য অন্নম্‌ভট্টের যুক্তি ব্যাখ্যা কর। ৮

(খ) ঘটের সঙ্গে ইন্দ্রিয় সন্নিকর্ষের পরক্ষণেই যে ঘটত্বের প্রত্যক্ষ হয় তাকে কোন প্রকারের প্রত্যক্ষ বলে ? ২

(গ) নির্বিকল্পক প্রত্যক্ষকে প্রমা বলা যায় কী ? আলোচনা কর। ৬

৫। (ক) যোগ্যানুপলব্ধি কাকে বলে ? প্রসঙ্গ উল্লেখপূর্বক দীপিকা অনুসারে যোগ্যানুপলব্ধির স্বরূপ ব্যাখ্যা কর। ৮

(খ) যোগ্যানুপলব্ধিকে পৃথক প্রমাণরূপে অন্নম্‌ভট্ট কি স্বীকার করেছেন ? এই প্রসঙ্গে অন্নম্‌ভট্টের মত ব্যাখ্যা কর। ৮

## ইউনিট - ৩

৬। (ক) উদাহরণসহ একটি পঞ্চাবয়বী ন্যায় ব্যাখ্যা কর। ১০

(খ) অনুমিতির জন্য পাঁচটি অবয়বের প্রত্যেকটিই কি আবশ্যক ? আলোচনা কর। ৬

৭। (ক) দীপিকাকে অনুসরণ করে পক্ষতার লক্ষণ ব্যাখ্যা কর। ৮

(খ) তর্কসংগ্রহে প্রদত্ত অনুমিতির লক্ষণ প্রসঙ্গে পক্ষতার ভূমিকা বিশ্লেষণ কর। ৮

৮। নিম্নলিখিত অনুমিতিগুলির প্রত্যেকটির পক্ষ, সাধ্য ও হেতু নির্দেশ কর এবং হেতুটি কেন অশুদ্ধ তা ব্যাখ্যা কর ঃ ৪×৪

(ক) সব পদার্থই ক্ষণিক, যেহেতু সব পদার্থই সৎ।

(খ) আত্মা বিনাশী, যেহেতু তা দ্রব্য।

(গ) ঘটটি নিত্য, যেহেতু তা উৎপন্ন হয়।

(ঘ) পর্বতটি ধোয়াঁযুক্ত, যেহেতু তাতে আগুন আছে।

## ইউনিট - ৪

৯। (ক) আকাঙ্ক্ষা, যোগ্যতা, সন্নিধি বলতে অন্নম্ভট্ট কী বুঝিয়েছেন ? ১২

(খ) কোন শাব্দবোধ উৎপত্তির ক্ষেত্রে প্রত্যেকটিই কি আবশ্যক ? আলোচনা কর। ৪

১০।(ক) শক্তি কাকে বলে ? ৪

(খ) 'টেবিল' পদটি তার শক্তির দ্বারা কী বোঝায় ? ৮

(গ) শক্তিগ্রহ কীভাবে সম্ভব ? ৪

১১।(ক) "সকল জ্ঞানই যথার্থ" — এটি কোন্ সম্প্রদায়ের মত ? এই মত অনুসারে ভ্রমের কী ব্যাখ্যা দেওয়া হয়েছে ? ১+৭

(খ) অন্নম্ভট্ট কীভাবে এই মত খন্ডন করেছেন ? ৮

*The figures in the margin indicate full marks*

Answer ***Question No. 1*** and ***any other five*** questions taking at least ***one*** from each **Unit**

1. Answer in brief (***any four***) : 5×4

(a) Explain the *lakṣaṇa* of *buddhi* given in *Tarkasaṁgraha.*

(b) How can one perceive a distant sound ? Explain after *Annaṁbhaṭṭa.*

(c) Give the *lakṣaṇa* of *bādhita hetvābhāsa*. Explain with examples.

(d) Give an explanation of the *lakṣaṇa* of *kārya* given in *Tarkasaṁgraha.*

(e) Determine the *sannikarṣa* in each of the following cases of perception and explain :

(i) Hearing the sound of horn of a car

(ii) Tactual perception of heat of warm water.

(f) Determine the distinction between *kevalavyatireki linga* and *kevalānvayi linga* with examples.

(g) Why is the term '*Jñānam*' inserted in the *lakṣaṇa* of *smṛiti* ?

(h) What is *lakṣaṇā* ? Explain and exemplify *jahat lakṣaṇā*.

## Unit – I

2. (a) Explain the *lakṣaṇa* of *ayathārtha anubhava* as given by *Annaṁbhaṭṭa*. 4

(b) What objection has been raised against the *lakṣaṇa* in *Dīpika* ? 4

(c) How does *Annaṁbhaṭṭa* refute this objection ? 4

(d) Why is *saṁśaya* treated as a kind of *ayathārtha anubhava* ? 4

3. (a) Explain the *lakṣaṇa* of *kāraṇa* according to *Tarkasaṁgraha*. 5

(b) Which word does *Annaṁbhaṭṭa* introduce to justify the *lakṣaṇa* of *kāraṇa* in *Dīpikā* and why ? 6

(c) Explain *asamavāyi kāraṇa* with examples. 5

## Unit – 2

4. (a) Explain the argument given by *Annaṁbhaṭṭa* to establish the existence of *nirvikalpaka pratyakṣa*. 8

(b) How would you classify the cognition of pothood that arises immediately after the sense object contact ? 2

(c) Can *nirvikalpaka pratyakṣa* be called pramā ? Discuss. 6

5. (a) What is '*yogyānupalabdhi*' ? Explain the nature of '*yogyānupalabdhi* with reference to the context in which it is introduced in *Dīpikā*. 8

(b) Is '*yogyānupalabdhi*' considered as a separate kind of *pramāṇa* by *Annaṁbhaṭṭa* ? Explain the view of *Annaṁbhaṭṭa* in this context. 8

## Unit – 3

6. (a) Explain a *pañcāvayavī nyāya* with an example. 10

(b) Is each of the five *avayava-s* necessary for an *anumiti* ? Discuss. 6

7. (a) Explain the *lakṣaṇa* of *pakṣatā* after *Dīpikā*. 8

(b) Analyse the role of *pakṣatā* in respect of the *lakṣaṇa* of *anumiti* as given in *Tarkasaṁgraha*. 8

8. Point out the *pakṣa*, *sādhya* and *hetu* in each of the following cases of *anumiti* and explain why the *hetu* is defective : 4×4

(a) Everything is momentary, because everything is existent.

(b) The self is destructible, because it is a substance.

(c) The jar is eternal, because it is produced.

(d) The hill is smoky, because it has fire in it.

## Unit – 4

9. (a) What does *Annaṁbhaṭṭa* mean by *akāṁksā*, *yogyatā* and *sannidhi* ? 12

(b) Is each one of them necessary for the generation of verbal cognition ? Discuss. 4

10. (a) What is *Śakti* ? 4

(b) What does the word 'table' signify by its *śakti* ? 8

(c) How is *śakti* ascertained ? 4

11. (a) 'All cognitions are valid' — Which system advocates this view ? How does this system explain illusion ? 1+7

(b) How does *Annaṁbhaṭṭa* refute this view ? 8

# 2017

# PHILOSOPHY – GENERAL

## First Paper

## Full Marks – 100

*Candidates are required to give their answers in their own words as far as practicable*

*প্রান্তলিখিত সংখ্যাগুলি পূর্ণমান নির্দেশক*

### প্রথম বিভাগ

**১ নং** প্রশ্ন এবং অবশিষ্ট প্রশ্নগুলির মধ্যে প্রতিটি ইউনিট থেকে ***একটি*** করে প্রশ্ন নিয়ে আরও ***দুটি*** প্রশ্নের উত্তর দাও

১। সংক্ষিপ্ত উত্তর দাও (যে-কোনো ***চারটি***)ঃ ৫×৪

(ক) প্রমা ও প্রমাণের পার্থক্য নিরূপণ কর। চার্বাক দার্শনিকগণ শব্দকে প্রমাণরূপে অস্বীকার করেন কেন?

(খ) নৈয়ায়িকদের মত অনুসরণ করে পরামর্শের লক্ষণ ব্যাখ্যা কর।

(গ) 'পর্বতটি বহ্নিমান্ যেহেতু তা ধূমবান্' — এই অনুমিতির হেতু, সাধ্য ও পক্ষ নির্দেশ কর।

(ঘ) ন্যায়মতে সবিকল্পক ও নির্বিকল্পক প্রত্যক্ষের পার্থক্য নিরূপণ কর।

(ঙ) 'পদার্থ' শব্দটির অর্থ কী? কর্মপদার্থ কয়প্রকার ও কী কী?

(চ) বৈশেষিক মতানুসারে দ্রব্যের লক্ষণ দাও। বৈশেষিক দর্শনে কয়টি দ্রব্য স্বীকার করা হয়েছে? এগুলি কী কী?

(ছ) অদ্বৈতবেদান্ত মতে সত্তাত্রৈবিধ্যবাদ ব্যাখ্যা কর।

(জ) মায়ার শক্তিগুলি উল্লেখপূর্বক ব্যাখ্যা কর।

### ইউনিট - ১

২। 'প্রত্যক্ষই একমাত্র প্রমাণ' — এই মতের পক্ষে চার্বাক দার্শনিকগণ কী কী যুক্তির অবতারণা করেছেন? তাঁদের মত কতদূর গ্রহণযোগ্য? ৯+৬

৩। ন্যায়মতে ব্যাপ্তির লক্ষণ দাও। নৈয়ায়িকদের মতে ব্যাপ্তি জানার উপায়গুলি কী কী? উদাহরণসহ আলোচনা কর। ৩+১২

### ইউনিট - ২

৪। অভাবের প্রকারগুলি দৃষ্টান্তসহ আলোচনা কর। অভাবকে কোন্ সন্নিকর্ষের দ্বারা জানা যায়? ন্যায় বৈশেষিক মতানুসারে ব্যাখ্যা কর। ১২+৩

৫। অদ্বৈতবেদান্ত মতে ব্রহ্মের স্বরূপ ব্যাখ্যা কর। এই প্রসঙ্গে সগুণ ও নির্গুণ ব্রহ্মের মধ্যে পার্থক্য কর। ১০+৫

[Turn Over]

## দ্বিতীয় বিভাগ

৬ *নং* প্রশ্ন এবং অবশিষ্ট প্রশ্নগুলির মধ্যে প্রতিটি **ইউনিট** থেকে ***একটি*** করে প্রশ্ন নিয়ে আরও ***দুটি*** প্রশ্নের উত্তর দাও

৬। সংক্ষিপ্ত উত্তর দাও (যে-কোনো ***চারটি***) ঃ

(ক) 'জানা' শব্দটির বিভিন্ন প্রকার অর্থ উদাহরণসহ ব্যাখ্যা কর। ৫×৪

(খ) সহজাত ধারণা সম্পর্কে লকের মত ব্যাখ্যা কর।

(গ) 'আমি চিন্তা করি, অতএব আমি অস্তিত্বশীল' — উক্তিটি কার? উক্তিটি ব্যাখ্যা কর।

(ঘ) বিশ্লেষক বচন কাকে বলে? সংশ্লেষক বচন কাকে বলে? দুটির মধ্যে পার্থক্য কর।

(ঙ) পূর্বতসিদ্ধ সংশ্লেষক বচন বলতে কী বোঝায়? একটি উদাহরণ দাও।

(চ) 'অস্তিত্ব প্রত্যক্ষনির্ভর' — এটি কার উক্তি? উক্তিটির তাৎপর্য কী?

(ছ) প্রসক্তি সম্পর্ক কাকে বলে? কার্যকারণ সম্পর্কিত প্রসক্তিতত্ত্বের সমর্থক কারা?

(জ) দেহমন সম্বন্ধ বিষয়ে ক্রিয়া-প্রতিক্রিয়াবাদের মূল বক্তব্য কী?

### ইউনিট - ৩

৭। দৃষ্টিবাদের মূল তত্ত্বগুলি কী কী? এই মতটি কতদূর গ্রহণযোগ্য? ৯+৬

৮। সরল বস্তুবাদ ব্যাখ্যা কর। মতবাদটি কি গ্রহণযোগ্য? আলোচনা কর। ১০+৫

### ইউনিট - ৪

৯। কার্যকারণ সম্পর্কে সততসংযোগতত্ত্ব সবিচার আলোচনা কর। ১০+৫

১০। দেহ ও মনের সম্বন্ধবিষয়ক অভিন্নতাবাদ সবিস্তারে ব্যাখ্যা কর। ১৫

*The figures in the margin indicate full marks*

## First Half

Answer ***Question No. 1*** and ***any two*** questions from the rest, taking ***one*** from each **Unit**

1. Answer in brief (***any four***) :

(a) Distinguish between *pramā* and *pramāṇa*. Why do the Cārvākas refuse to admit verbal testimony as a *pramāṇa*? 5×4

(b) Explain the definition of *parāmarśa* after the Naiyāyikas.

(c) Indicate the *hetu*, *sādhya* and *pakṣa* of the inference : 'The hill is fiery because it is smoky'.

(d) Distinguish between determinate and indeterminate perception after the Nyāya school.

(e) What is '*padārtha*'? What are the different types of *Karma*? What are they?

(f) Define *dravya* after the Vaiśeṣikas. How many *dravyas* have been admitted by the Vaiśeṣikas? Name them.

(g) Explain the doctrine of three levels of reality following Advaita Vedānta.

(h) State and explain the powers of *Māyā*.

**Unit – 1**

2. 'Perception is the only *pramāṇa*' — What are the arguments offered by the Cārvāka philosophers in favour of this view? How far is their theory acceptable? 9+6

3. Define *vyāpti* after the Nyāya. What, according to the Naiyāyikas, are the different methods for ascertaining *vyāpti*? Discuss with examples. 3+12

**Unit – 2**

4. Discuss with examples the different kinds of *abhāva*. By which operative relation (*sannikarṣa*) is *abhāva* known? Explain after Nyāya-Vaiśeṣika. 12+3

5. Explain, after Advaita Vedānta, the nature of Brahman. In this context distinguish between *saguṇa* and *nirguṇa* Brahman. 10+5

**Second Half**

Answer ***Question No. 6*** and ***any two*** questions from the rest, taking ***one*** from each **Unit**

6. Answer in brief (***any four***) : 5×4

(a) Explain with examples the different senses of the word 'Know'.

(b) Explain Locke's doctrine of innate ideas.

(c) "I think, therefore I am" — Whose statement is this? Explain the statement.

(d) What is analytic proposition? What is synthetic proposition? Distinguish between the two.

(e) What is meant by synthetic apriori proposition? Give an example.

(f) 'Esse est percipi' — Whose statement is this? What is the significance of the statement?

(g) What is meant by 'entailment relation'?Who are the supporters of the Entailment theory of causation?

(h) What is the main tenet of interactionism regarding mind-body relation?

**Unit – 3**

7. What are the main tenets of empiricism? How far is this view tenable? 9+6

8. Explain Naive Realism. Is this theory tenable? Discuss. 10+5

**Unit – 4**

9. Critically explain the regularity theory of causation. 10+5

10. Explain in detail the identity theory regarding the relation between mind and body. 15